# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং-জয়পৌঃস/প্রকৌঃ/২০২১-২০২২/৬০৫ তারিখঃ ০৫/১০/২০২১ ইং

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১১/১০/২০২১ তারিখ রোজঃ সোমবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। শিশুদের জন্য বিনোদন কেন্দ্র বা শিশু পার্ক নির্মাণে সুপারিশ করণ প্রসঙ্গে।
৩। বাল্য বিবাহ বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

(মোছাঃ মুন্নুজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.............................................................

.............................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১১-১০-২০২১ইং
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জঃপৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-০৫ জঃপৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচ্য বিষয় ঃ শিশুদের জন্য বিনোদন কেন্দ্র বা শিশু পার্ক নির্মাণে সুপারিশ করণ প্রসঙ্গে।

আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন, শিশুদের মানসিক বিকাশের জন্য বিনোদন কেন্দ্র ও শিশু পার্ক নির্মাণ বিশেষ প্রয়োজন। কারণ মানুষের মস্তিষ্কের বিকাশ হয় শৈশব কালেই। জন্মেও পর থেকে আট বছর বয়স পর্যন্ত থাকে বিকাশের এই পর্ব। আলোচনায় কমিটির সদস্য মোছাঃ জান্নাতুল ফেরদৌস বলেন, আমি যতদূর জানি মেয়র মহোদয় পৌর এলাকার মধ্যে একটি শিশু পার্ক নির্মাণ করার বিষয়ে চেষ্ঠা করে যাচ্ছেন। তাছাড়া তিনি নির্বাচনী প্রচারণার সময় পৌর এলাকায় একটি শিশু পার্ক নির্মাণ করার বিষয়ে জনগনকে প্রতিশ্রুতি দেন। আলোচ্য বিষয়ে সভাপতি আবারও বলেন, পৌরসভার মধ্যে শিশু পার্ক তেমন নাই, যদিও একটি শিশু পার্ক হিসেবে আছে তা বেসরকারী বা ব্যক্তি মালিকানায় হওয়ায়, প্রবেশ থেকে শুরু করে প্রতিটি রাইড এ উঠার জন্য মূল্য পরিশোধ করতে হয়। যাতে অনেক পরিবারের পক্ষে বাচ্চাদের নিয়ে যাওয়া সম্ভব হয়না। তাই পৌরসভার পক্ষ থেকে যদি আপাততঃ একটি শিশু পার্ক নির্মাণ করা হয়, তাহলে পৌর এলাকার সকল স্তরের শিশুদের বিনোদনের সুযোগ সৃষ্টি হবে। আলোচ্য বিষয়ে মোঃ দেওয়ান ইকবাল হোসেন, প্যানেল মেয়র, জয়পুরহাট পৌরসভা ও সহায়তাকারী, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, মেয়র মহোদয় একটি প্রকল্পের মাধ্যমে জায়গা নির্ধারণ সহ শিশু পার্ক নির্মাণের কাজ অনেক দূর এগিয়েছেন। বিষয়টি নিয়ে অন্যান্য সদস্যদের মধ্যেও বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ শিশুদের সঠিকভাবে মানসিক বিকাশের জন্য পৌরসভা হতে আপাততঃ একটি শিশু পার্ক নির্মাণের সার্বিক অগ্রগতি ব্যাপারে সভাপতি সহ অন্যান্য সদস্যরা পৌর পরিষদের সভায় উপস্থাপন ও আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

আলোচ্য সূচী-৩। বাল্য বিবাহ বিষয়ে আলোচনা।

আলোচনা ঃ আলোচ্য বিষয়ের উপর সভাপতি মহোদয় বলেন, বিভিন্ন মানবাধিকার ও নারী সংগঠনের আন্তরিক প্রচেষ্টার ফলে পূর্বের তুলনায় বাল্য বিবাহের হার অনেকাংশে কমে এসছে। তবুও দরিদ্র ও অশিক্ষিত জনগোষ্ঠীর মধ্যে বাল্য বিবাহের হার এখনও বিদ্যমান। সাচিবিক দায়িত্বে নিয়োজিত মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা- জয়পুরহাট পৌরসভা এ প্রসঙ্গে বলেন, বাল্য বিবাহের ফলে অপরিনত বয়সে মেয়েরা সন্তানের জন্ম দেয়। ফলে সেই সন্তানও অপুষ্ট থাকে। এই পুষ্টিহীনতার জন্য সন্তান যে কোন ধরনের অসুখে আক্রান্ত হতে পারে বা মৃত্যু বরণ করতে পারে। অনুরূপ ভাবে স্বাস্থ্যগত দিক দিয়ে এইসব সন্তানের মায়েরাও নিরাপদ নয়, তারাও সবসময় স্বাস্থ্য ঝুঁকির মধ্যে থাকে। এই অবস্থা থেকে উত্তোরণের জন্য কমিটির সম্মানিত সদস্য জনাব পাপিয়া, কাউন্সিলর, সংরক্ষিত-২, জয়পুরহাট পৌরসভা বলেন, বাল্য বিবাহ রোধ করা আমাদের সকলের দায়িত্ব। উঠান বৈঠক সহ বিভিন্ন কমিটির মিটিং এ এর কুফল সম্পর্কে আলোচনা করা প্রয়োজন। এছাড়া এলাকার কাজীগণ যেন পাত্র ও কনের সঠিক জন্ম সনদ পত্র ছাড়া কোনক্রমেই যেন বিবাহ রেজিষ্ট্রি করতে না পারে সেদিকে আমাদের সকলকে সচেতন থাকতে হবে। বিষয়টির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত

(ক) অত্র পৌরসভার সকল মহল্লার কাজীগণ বিধিসম্মত ভাবে বর ও কনের জন্ম সনদ পত্র যাচাই অন্তে বিবাহ রেজিষ্ট্রি করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) সম্মানিত কাউন্সিলরগণ সকল কমিটির মিটিং ও যে কোন আলোচনা সভায় বাল্য বিবাহের কুফল সম্পর্কে আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) পৌরসভার সকল মাঠকর্মীগণ বাড়ীবাড়ী কাজ করার সময় বাল্য বিবাহের অপকারীতা সম্পর্কে মহল্লাবাসীকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) বাল্য বিবাহ শূণ্যের কোঠায় নামিয়ে আনার লক্ষ্যে সকল মানবাধিকার ও নারী উন্নয়ন বিষয়ক সংগঠনের সহিত যোগাযোগ জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জয়পৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২১-২০২২/ ৬৬৭ তারিখঃ ১১/১০/২০২১ইং

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ</u>

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।

২। জনাব/জনাবা .......................................................................... সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।

৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১১/১০/২০২১ ইং।
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ জান্নাতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | |

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মরক নং-জয়পৌরস/প্রকৌঃ/২০২১-২০২২/৪৫১ তারিখঃ ০৭/১১/২০২১ ইং।

# সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১০/১১/২০২১ তারিখ রোজঃ বুধবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

<u>আলোচ্য সূচী ঃ</u>

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। (অক্টোবর-ডিসেম্বর/২০২১) কোয়ার্টারে উঠান বৈঠক ফলপ্রসু করণ বিষয়ে আলোচনা।
৩। আসন্ন শীতে বৃদ্ধ ও শিশুদের প্রতি অধিকতর যত্ন নেওয়া বিষয়ে সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন প্রসঙ্গে।
৪। বিবিধ।

(মোছাঃ মুন্নুজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..............................................................

..............................................................

D:\Hasan\Nari & Shishu Standing Commetee\Notice.doc

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১০-১১-২০২১ইং
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন),ওয়ার্ড নং-০৫ জয়পৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

সিদ্ধান্ত ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২নং আলোচ্য বিষয় ঃ (অক্টোবর-ডিসেম্বর/২০২১) কোয়ার্টারে উঠান বৈঠক ফলপ্রসু করণ বিষয়ে আলোচনা।**

আলোচনাঃ-সভাপতি মহোদয় উপস্থিত সকলের দৃষ্টি আর্কষণ করে বলেন, চলতি কোয়ার্টারে শীঘ্রই উঠান বৈঠকের আয়োজন প্রক্রিয়া শুরু করা প্রয়োজন। উক্ত আলোচনার প্রেক্ষিতে কমিটি সদস্য জনাব মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং -০২, জয়পুরহাট পৌরসভা-সভাপতি মহোদয়ের কাছে উঠান বৈঠক আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটি সদস্য সচিব উক্ত প্রশ্নের আলোকে বলেন, আপনারা অবগত আছেন উঠান বৈঠক আয়োজনের জন্য UGIIP-3 প্রকল্প অফিস হতে বৈঠকের ব্যয় নির্বাহের জন্য বাজেট প্রদান করেন, উঠান বৈঠকের ব্যয় নির্বাহের নিমিত্তে প্রকল্প অফিস হতে বাজেট সংবলিত চিঠি চলতি মাসে প্রেরণ করেছেন। চিঠি প্রাপ্তি সাপেক্ষে এ কমিটির সভাপতি সকল কাউন্সিলর এর সাথে আলোচনা করে উঠান বৈঠকের জন্য ওয়ার্ড ভিত্তিক স্থান ও সময় নির্ধরিন করে ডিসেম্বর/২১ মাসের মধ্যে উঠান বৈঠক আয়োজনের ব্যবস্থা করবেন। বিষয়টি নিয়ে সভ্যগণের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ- সংরক্ষিত মহিলা কাউন্সিলর ও প্রত্যেক ওয়ার্ডের কাউন্সিলরদের সাথে পরামর্শ ক্রমে প্রত্যেক ওয়ার্ডে ২টি করে স্থান নির্বাচন ও তারিখ নির্ধারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অত্র কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান ও UGIIP-3 প্রকল্পের এলসিডিএ জনাব মোছাঃ কামরুন্নাহার কে দায়িত্ব প্রদান করা হলো।

**২নং আলোচ্য বিষয় ঃ আসন্ন শীতে বৃদ্ধ ও শিশুদের প্রতি অধিকতর যত্ন নেওয়া বিষয়ে সচেতনতা মুলক কর্মসূচী গ্রহন প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন, আগামী কিছু দিনের মধ্যে শীতের প্রবাহ বাড়বে। তাই এ সময়ে বৃদ্ধ ও শিশুরা বেশী সমস্যায় পড়ে। তাই তাদের প্রতি আলাদা যত্ন নেওয়া প্রয়োজন। এ ব্যাপারে পৌরসভা থেকে সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন করা যেতে পারে।এ বিষয়ে আলোচনা কালে এ কমিটির সদস্য মোছাঃ জান্নাতুল ফেরদৌস বলেন, আপনারা অবগত আছেন প্রতি কোয়ার্টারে UGIIP-III প্রকল্পের অর্থায়নে প্রতি ওয়ার্ডে ০২টি করে উঠান বৈঠক আয়োজন করা হয় মহিলাদের নিয়ে। আশা করা যায় এই কোয়ার্টারে উঠান বৈঠক এ মাস থেকে শুরু করা যাবে। সেসব উঠান বৈঠকে আসন্ন শীতে বৃদ্ধ ও শিশুদের প্রতি যত্ন নেওয়ার বিষয়ে বিশদ আলোচনা করে নারীদের সচেনত করা যেতে পারে।
আলোচ্য বিষয়ে এ কমিটির সদস্য শামীম আজিজ বলেন, পৌর নিয়োজিত মাঠকর্মী ও স্বাস্থ্যকর্মী মাধ্যমে বাড়ী বাড়ী সচেতন করা যেতে পারে। কারন শীতে নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে বৃদ্ধ ও শিশুর জীবনে মারাত্বক পরিনতি হতে পারে।

সিদ্ধান্ত ঃ শীতে বৃদ্ধ ও শিশুদের প্রতি অধিকতর যত্ন নেওয়া বিষয়ে সচেতনতামূলক কর্মসূচীর অংশ হিসেবে উঠান বৈঠক সহ পৌরসভার স্বাস্থ্যকর্মী, মাঠকর্মীর মাধ্যমে পৌর এলাকার প্রতিটি মহল্লায় সচেতন করা বিষয়ে একমত পোষন করেন।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জয়পৌঃসঃ/প্রাঃকৌঃ/ ২০২১-২০২২/ ৪৭৫

তারিখঃ ১০/১১/২০২২

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ</u>

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১০/১১/২০২১ ইং।
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেদুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ জান্নাতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | [signature] |

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মরক নং-জয়পৌঃস/প্রকৌঃ/২০২০-২০২১/৫২৬ তারিখঃ ০২/১২/২০২১ ইং

# সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০৬/১২/২০২১ তারিখ রোজঃ সোমবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। রোকেয়া দিবস/২০২১ উদযাপন বিষয়ে আলোচনা।
৩। হতদরিদ্র নারীদের মাঝে শীতবস্ত্র বিতরন প্রসঙ্গে।
৪। বিবিধ।

২/১২/২১

(মোছাঃ মুন্নুজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..........................................................

..........................................................

জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ০৬-১২-২০২১ইং
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন),ওয়ার্ড নং-০৫ জয়পৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

<u>১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।</u>

সিদ্ধান্ত ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রুপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

<u>আলোচ্য সূচী-৩। রোকেয়া দিবস/২০২১ উদযাপন বিষয়ে আলোচনা।</u>

আলোচনা ঃ সভাপতি মহোদয় বলেন, নারী জাগরনের পথিকৃৎ বেগম রোকেয়ার স্মরণে রোকেয়া দিবস উদ্‌যাপনের লক্ষ্যে UGIIP-III প্রকল্প অফিসের স্মারক নং ৪৬.০২.০০০০.৭৯৬.২৫.১৭(অংশ-৩).২০১৫/২৫৩১(৩৫) তারিখঃ ১৫/১১/২০২১ পত্রের নির্দেশনা রয়েছে। তার প্রেক্ষিতে রোকেয়া দিবস যথাযথ ভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প অফিস থেকে প্রেরীত দিক নির্দেশনা মুলক চিঠিটি এ কমিটির সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সকলের অবগতির জন্য পাঠ করে শোনান। প্রেরীত চিঠির নির্দেশনা অনুযায়ী রোকেয়া দিবস সফল ভাবে উদযাপনের জন্য পৌর পরিষদের নেতৃত্বে বিভিন্ন কার্যক্রম ও বিভিন্ন প্রদক্ষেপ সমুহ সম্মানিত কাউন্সিলর বৃন্দ, পৌর কর্মকর্তা/কর্মচারী বর্গের মাঝে ভাগ করে দেওয়া হয়েছে যাতে সকল কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের মাধ্যমে রোকেয়া দিবস জয়পুরহাট পৌরসভায় সফল ভাবে উদযাপিত হয়। আলোচ্য বিষয় নিয়ে এ কমিটির সভার সভাপতি জনাবা মোছাঃ মুন্নুজান বলেন, আমরা জানি ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া জন্ম ও মৃত্যু দিবস হিসেবে এই দিনটিকে রোকেয়া দিবস হিসেবে উপযাপন করা হয়। তাই আগামী ০৯ ডিসেম্বর/২০২১ রোজঃ বৃহস্পতিবার রোকেয়া দিবস উদযাপন করার জন্য মেয়র মহোদয় সম্মতি আলোচনা সাপেক্ষে উদযাপন করা যেতে পারে।

<u>সিদ্ধান্ত ঃ</u>

(ক) প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক স্ব স্ব ওয়ার্ড কাউন্সিলর বিশেষ করে মহিলা কাউন্সিলর মহোদয়ের তত্ত্বাবধানে প্রতিটি ওয়ার্ড থেকে ১৫ জন (অধিকাংশ নারী ) অংশগ্রহণকারীগনকে রোকেয়া দিবস র‍্যালীতে অংশগ্রহনের বিষয়ে নিশ্চিত করা ।

(খ) সকল ওয়ার্ড থেকে আগত ক্ষুদ্র ক্ষুদ্র র‍্যালী পৌর চত্তরে জমায়েত হয়ে ব্যানার পোষ্টার ফেস্টুন বহনের মাধ্যমে এক বিশাল বর্ণাঢ্য র‍্যালী পৌরসভার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) সড়ক প্রদক্ষিন শেষে বিশাল র‍্যালী পৌর চত্বরে সমবেত হয়ে সম্মানিত মেয়র মহোদয়ের সভাপতিত্বে নারী অধিকার বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) আলোচনা সভা শেষে সকল অংশগ্রহণকারীগণের মাঝে নাস্তার প্যাকেট বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।

<u>আলোচ্য সূচী-৩। দরিদ্র মহিলাদের মাঝে শীতবস্ত্র বিতরণ প্রসঙ্গে আলোচনা।</u>

<u>আলোচনাঃ</u> সভাপতি মহোদয় উক্ত বিষয়ে আলোচনার সূত্রপাত করলে কমিটি সদস্যগণ নিম্নোক্ত ভাবে তাদের মতামত তুলে ধরেন।

জনাবা মোছাঃ জান্নাতুন ফেরদৌস, কাউন্সিলর, সংরক্ষিত-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় শীতবস্ত্র বিতরণের পুর্বে শহরে বসবাসকারী অতি দুস্থ নারীদের তালিকা তৈরী করে তাদের মাঝে বিতরণ করার বিষয়ে বলেন।

জনাবা পাপিয়া, কাউন্সিলর, সংরক্ষিত-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় জানান জয়পরহাট পৌরসভা বাংলাদেশের উত্তর অঞ্চলের জেলা হওয়ায় এখানে শীতের তীব্রতা বেশি থাকে। তাই অবশ্যই দরিদ্র নারীদের মাঝে পৌরসভার পক্ষ থেকে শীতবস্ত্র বিতরন কর্মসূচী গ্রহণ করা যেতে পারে।

জনাব মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় বলেন, দেখা যায় শীতের তীব্রতা শুরু হওয়ার পর বা শীতের শেষের দিকে শীতবস্ত্র বিতরণ করা হয়। সেক্ষেত্রে শীতের প্রকোপে আক্রান্ত ব্যক্তিদের সঠিক সময়ে সাহায্য করা যায় না। সেজন্য ডিসেম্বর- জানুয়ারী মাসের পূর্বে যদি শীতার্থ মানুষের মাঝে শীতবস্ত্র দেওয়া যায়, তাহলে তারা বেশী উপকৃত হবেন। তিনি আরো বলেন, বিশেষ করে নারীদের শীতবস্ত্র বিতরনকালে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করা যায় তাহলে উক্ত কমিটির কাজের পরিধি বৃদ্ধি পায়। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ- শীতের প্রারম্ভেই পৌর এলাকায় দুস্থ নারীদের তালিকা করে তাদের মাঝে শীতবস্ত্র বিতরণ করণ ও এ কমিটিকে সম্পৃক্ত করণের বিষয়ে অত্র কমিটির সভাপতি পৌর পরিষদের মাসিক সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জয়পৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২১-২০২২/ ৫২২ তারিখঃ ০৬/১২/২০২২ইং

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ</u>

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা .................................................................... সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ০৬/১২/২০২১ ইং।
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেলুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ জান্নাতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | [signature] |